

কে বলে 'যাও যাও'— আমার যাওয়া তো নয় যাওয়া ।

টুটেবে আগল বারে বারে তোমার দ্বারে,
লাগবে আমায় ফিরে ফিরে ফিরে-আসার হাওয়া ॥

ভাসাও আমায় ভাঁটার টানে অকূল-পানে,
আবার জোয়ার-জলে তীরের তলে ফিরে তরী বাওয়া ॥

পথিক আমি, পথেই বাসা—

আমার যেমন যাওয়া তেমনি আসা ।

ভোরের আলোয় আমার তারা

হোক-না হারা,

আবার জ্বলবে সাঁজে আঁধার-মাঝে তারি নীরব চাওয়া ॥

Parjaay: Prem, Taal: Dadra, Raag: Behag

Visit www.geetabitan.com for notation and other detail